মেহেরপুরে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্ময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০ টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক)এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আবুল হাশেম ,মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম, মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আল মামুন, নারী নেত্রী মোছাঃ রোজিনা খাতুন ও মীর ফারুক হোসেন।

সভার কার্যবিবরনী পাঠ করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার। মেহেরপুর সদর উপজেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্য বহুল আলোচনা করে সকল ধরনের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যক্ত করা হয়।

এ ছাড়াও মেহেরপুর সদর উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ফোরাম এর সদস্যগণ উপস্থিত ছিলেন।